দৈনিক ইত্তেফাক

তারিখ 01 NOV 1993
পৃষ্ঠা ১২ কলাম ৭

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা চাহিদা জরিপে সহযোগিতা কামনা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশব্যাপী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা চাহিদা জরিপ কাজ চলিতেছে। জরিপ কর্মীরা গ্রামগঞ্জের বিভিন্ন প্রতিষ্ঠান, সরকারী/বেসরকারী দপ্তর ও বিভিন্ন পেশার লোকদের নিকট হইতে তথ্য সংগ্রহ করিতেছেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাহাদের সর্বপ্রকার সহযোগিতা করার জন্য জেলা ও থানা পর্যায়ের সরকারী কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকসহ সকল শ্রেণীর জনগণের প্রতি আবেদন জানাইয়াছেন।